# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ওলীগণ আল্লাহর জুববার অন্তরালে

প্রচলিত একটি পুস্তকে লিখিত হয়েছে: ‘‘ইন্না আউলিয়াই তাহ্তা কাবাই লা ইয়ারিফুহুম গাইরী ইল্লা আউলিয়াই।- হাদীসে কুদসী। অর্থ: নিশ্চয়ই আমার বন্ধুগণ আমার জুববার অন্তরালে অবস্থান করেন, আমি ভিন্ন তাঁদের পরিচিতি সম্বন্ধে কেহই অবগত নহে, আমার আউলিয়াগণ ব্যতীত।’’[1]

এটিও একটি ভিত্তিহীন ও জাল কথা। সহীহ, যয়ীফ বা জাল কোনো সনদে এ কথাটি বর্ণিত হয়েছে বলে জানা যায় নি। সনদবিহীন অন্যান্য জাল হাদীসের মত এ কথাটিও সমাজে ছড়িয়ে পড়েছে। আর নবম-দশম হিজরী শতকের কোনো কোনো আলিম ভিত্তিহীন জনশ্রুতির উপর নির্ভর করে সনদ বিহীন ভাবে এ কথাটি তাদের পুস্তকে উল্লেখ করেছেন।[2]

### ফুটনোট

[1] খাজা নিযামুদ্দিন আউলিয়া (রাহ), রাহাতুল মুহিববীন, শেষ প্রচ্ছদ।

[2] জুরজানী, আলী ইবনু মুহাম্মাদ (৮১৬হি), তা’রীফাত, পৃ. ২৯৫; মুনাবী, মুহাম্মাদ আব্দুর রাঊফ (১০৩১হি); তা’আরীফ, পৃ. ৬৭৬; মোল্লা আলী কারী, মিরকাত (শামিলা) ১৫/২৫৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4866

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন